

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
সমন্বয় শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.mowca.gov.bd

বিষয়ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত মার্চ, ২০১৭ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : নাছিমা বেগম এনডিসি, সচিব  
তারিখ ও সময়ঃ : ১৩ মার্চ, ২০১৭, বেলা ৩:০০ ঘটিকা।  
স্থানঃ : সম্মেলন কক্ষ (কক্ষ নং-৩২৩, ভবন নং-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।  
উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা : পরিশিষ্ট-‘ক’।

২। সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতে সভাপতির সম্মতিক্রমে ফেব্রুয়ারি, ২০১৭ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর উক্ত কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হয়।

আলোচনা:

৩। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক গত ১০/০৭/২০১৪ তারিখে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় পরিদর্শনকালে প্রদত্ত নির্দেশনা এবং ০১/১১/২০১৫ তারিখে তাঁর ‘কোন শিশু রাস্তায় ঘুমাবেনা’ মর্মে ঘোষণার বাস্তবায়ন অগ্রগতি সভায় পর্যালোচনা করা হয়। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনাসমূহের ৭টি সিদ্ধান্ত সম্পূর্ণরূপে বাস্তবায়ন করা হয়েছে। অপর ৩টি সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি নিচে উল্লেখ করা হলঃ

ক্রমিক	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা	বাস্তবায়ন অগ্রগতি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৩.১	<ul style="list-style-type: none"> <li>শিশুদের উন্নয়নের জন্য ঢাকা শহরের ভাসমান পথশিশুদের জরিপ করে একটি তালিকা প্রস্তুত করতে হবে।</li> <li>‘কোন শিশু রাস্তায় ঘুমাবেনা’ মর্মে মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা।</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>পথ শিশুদের জন্মনিবন্ধন চলমান রয়েছে।</li> <li>গত ২২/০২/২০১৭ খ্রিঃ তারিখে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে বাংলাদেশ শিশু একাডেমীতে সমাজকল্যাণ মন্ত্রণালয়, জেলা প্রশাসক, বাংলাদেশ পুলিশ, এনএসআই সমন্বয়ে সভা অনুষ্ঠিত হয়েছে।</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>দ্রুত পথশিশুদের জন্ম নিবন্ধন সম্পন্ন করতে হবে।</li> <li>প্রকল্প পরিচালক, নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রকল্প প্রতি সভায় উপস্থিত থেকে অগ্রগতি অবহিত করবেন।</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>অতিঃসচিব(শিশু), মশিবিম।</li> <li>যুগ্মসচিব (সেল), মশিবিম।</li> <li>প্রকল্প পরিচালক, নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রকল্প/ কার্যক্রম পরিচালক, পথশিশু পুনর্বাসন কার্যক্রম।</li> </ul>
৩.২	মহিলা বিষয়ক অধিদপ্তরের ৩টি প্রকল্প- ১) কর্মজীবী মহিলা হোস্টেল (চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও যশোর), ২) মহিলা বিষয়ক অধিদপ্তরের সদর দপ্তরের কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র শক্তিশালীকরণ ও জেলা পর্যায়ে ৫টি কম্পিউটার প্রশিক্ষণ ইউনিট স্থাপন প্রকল্প,	মহিলা বিষয়ক অধিদপ্তরের ৩টি সমাপ্ত উন্নয়ন প্রকল্পের জনবলসহ পদ রাজস্বখাতে সৃজনের প্রস্তাবে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক কিছু তথ্য চাওয়া হয়েছে। উক্ত তথ্যাদি প্রেরণের জন্য গত ১২/২/২০১৭ তারিখে মহিলা বিষয়ক অধিদপ্তরকে অনুরোধ জানানো হয়েছে।	আগামী ১৫ দিনের মধ্যে মহিলা বিষয়ক অধিদপ্তর যাচিত তথ্য প্রেরণ নিশ্চিত করবে।	<ul style="list-style-type: none"> <li>অতিঃসচিব (উঃ ও পরিঃ), মশিবিম।</li> <li>মহাপরিচালক, মবিঅ।</li> <li>উপসচিব(উঃ-২), মশিবিম।</li> <li>সহঃ সচিব (উঃ-১), মশিবিম।</li> </ul>

ক্রমিক	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা	বাস্তবায়ন অগ্রগতি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	৩) ভিজিডি-ইউ পি প্রকল্পের বাদপড়া জনবল রাজস্বখাতে স্থানান্তরের প্রস্তাব পুনরায় জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।			
৩.৩	বাংলাদেশ সচিবালয়ে অবস্থিত শিশু দিবাযন্ত্র কেন্দ্রের সম্প্রসারণ ও অন্যান্য ভৌত সুবিধাদি বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ে পত্র লিখতে হবে।	বাংলাদেশ সচিবালয়ে অবস্থিত শিশু দিবাযন্ত্র কেন্দ্রের সংস্কার কাজ সম্পন্ন করার বিষয়ে ডে-কেয়ার অফিসার নির্বাহী প্রকৌশলীর সাথে ১২/০৩/২০১৭ তারিখ দেখা করে মেরামত কাজ অতি দ্রুত সম্পন্ন করার জন্য নির্বাহী প্রকৌশলীকে অনুরোধ করেছেন। ২/১ মাসের মধ্যে মেরামত কাজ সম্পন্ন করা হবে মর্মে নির্বাহী প্রকৌশলী আশ্বস্ত করেছেন।	বিষয়টি অনুসরণ করতে হবে।	<ul style="list-style-type: none"> <li>● মহাপরিচালক, মবিঅ।</li> <li>● যুগ্মসচিব(মবিঅ), মশিবিম।</li> <li>● উপপ্রধান(পরিঃ), মশিবিম।</li> </ul>

৪। সভায় মন্ত্রিপরিষদ বৈঠকে গৃহীত সিদ্ধান্ত এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটিতে গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। সংসদীয় স্থায়ী কমিটিতে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে নিয়মিতভাবে স্থায়ী কমিটিতে তথ্য উপস্থাপন করা হচ্ছে মর্মে সভায় জানানো হয়। নিম্নে মন্ত্রিপরিষদ বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উল্লেখ করা হল:

ক্রমিক	মন্ত্রিপরিষদ বৈঠকের সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৪.১	<p><u>২১/৪/২০১৪</u> তারিখের <u>বৈঠকঃ</u></p> <p>মন্ত্রিসভা বৈঠকে বিগত <u>১৫/৮/১৯৭৫</u> হতে <u>৯/৪/১৯৭৯</u> পর্যন্ত এবং <u>২৪/৩/১৯৮২</u> হতে <u>১১/১১/১৯৮৬</u> পর্যন্ত সময়ের মধ্যে জারিকৃত অধ্যাদেশসমূহের আবশ্যিকতা ও প্রাসঙ্গিকতা পর্যালোচনা করে যে সব অধ্যাদেশ আবশ্যিক বিবেচিত হবে সেগুলো স্টেকহোল্ডার ও সংশ্লিষ্ট সব মন্ত্রণালয়/বিভাগের মতামত গ্রহণ করে প্রয়োজ্য ক্ষেত্রে সংশোধন ও পরিমার্জনক্রমে নূতন আইন আকারে বাংলা ভাষায় প্রণয়ন করে যথাশীঘ্র সম্ভব মন্ত্রিসভা-</p>	<p>(১) বাংলাদেশ শিশু একাডেমি আইন-২০১৭ মন্ত্রিপরিষদ বিভাগের নীতিগত অনুমোদনের জন্য সার-সংক্ষেপ প্রস্তুতপূর্বক নথিতে উপস্থাপন করা হয়েছে।</p> <p>(২) গত ৩০/০১/২০১৭ তারিখে মন্ত্রিসভা কর্তৃক 'যৌতুক নিরোধ আইন, ২০১৭' এর খসড়া নীতিগত অনুমোদন প্রদান করা হয়েছে। মন্ত্রিসভার পর্যবেক্ষণ এবং নির্দেশনার আলোকে উক্ত আইনের খসড়া প্রস্তুত করা হয়েছে।</p>	<p>(১) সার-সংক্ষেপ দ্রুত মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।</p> <p>(২) প্রস্তুতকৃত আইনের খসড়া ডেটিংয়ের জন্য দ্রুত আইন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।</p>	<ul style="list-style-type: none"> <li>● অতিঃ সচিব (শিশু), মশিবিম।</li> <li>● উপ-সচিব(শিশু), মশিবিম।</li> <li>● সিঃ সহঃ সচিব (শিশু), মশিবিম।</li> <li>● যুগ্ম-সচিব(সেল), মশিবিম।</li> <li>● সিঃ সহঃ সচিব (সেল), মশিবিম।</li> </ul>

ক্রমিক	মন্ত্রিপরিষদ বৈঠকের সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	বৈঠকে উপস্থাপনের নির্দেশ দেয়া হয়।			
৪.২	<p><u>১৬/২/২০১৫ তারিখের বৈঠকঃ</u></p> <p>(ক) উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত আর্থিক ক্ষমতা অর্পণ (Delegation of Financial Powers for Development Projects) এবং অনুন্নয়ন বাজেটের আর্থিক ক্ষমতা অর্পণ (Delegation of Financial Powers) ও পুনঃঅর্পণ (Sub-delegation) সংক্রান্ত সংশ্লিষ্ট পরিপত্রসমূহ সংশোধনের প্রস্তাব অনুমোদন করে</p> <p>(খ) সকল মন্ত্রণালয়/বিভাগকে ই-টেস্চারিং পদ্ধতি যথাযথভাবে অনুসরণের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নির্দেশ দেয়া হয়।</p>	<ul style="list-style-type: none"> <li>Delegation of Financial Powers এর খসড়া চূড়ান্ত অনুমোদনের জন্য গত ০৭/০৩/২০১৭ তারিখে নথিতে উপস্থাপন করা হয়েছে।</li> <li>বর্তমানে টেন্ডারের মাধ্যমে ক্রয়ের কোন বিষয় প্রক্রিয়াধীন নেই। তবে, ভবিষ্যতে ক্রয়ের উদ্যোগ গ্রহণ করা হলে তা ই-টেস্চারের মাধ্যমে প্রক্রিয়াকরণ করা হবে।</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>জরুরি ভিত্তিতে বিষয়টি নিষ্পন্ন করতে হবে।</li> <li>মন্ত্রণালয়ের ভবিষ্যত ক্রয় ই-টেস্চারের মাধ্যমে সম্পন্ন করতে হবে।</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>অতিরিক্ত সচিব (প্রশাসন), মশিবিম।</li> <li>যুগ্ম-সচিব (প্রশাসন) মশিবিম।</li> <li>সহঃ সচিব (প্রঃ-১), মশিবিম।</li> <li>অতিঃ-সচিব (প্রশাসন/ উঃ ও পরিঃ), মশিবিম।</li> <li>উপ-প্রধান(পরিঃ) মশিবিম।</li> <li>সহঃ সচিব (প্রঃ-২), মশিবিম।</li> </ul>
৪.৩	ইস্তাম্বুল কর্মপরিকল্পনা (Istanbul Plan of Action-IPOA)	জানুয়ারি/২০১৭ মাসের সিদ্ধান্ত অনুযায়ী প্রজ্ঞাপন/অফিস আদেশ জারি করা হয়েছে।	ইস্তাম্বুল কর্মপরিকল্পনার সাথে মন্ত্রণালয়ের নারী সংক্রান্ত কার্যক্রমের যথাযথ সমন্বয় সাধন করতে হবে।	<ul style="list-style-type: none"> <li>অতিঃ সচিব (উঃ ও পরিঃ), মশিবিম।</li> <li>উপসচিব(উন্নয়ন-২), মশিবিম।</li> </ul>

৫। বিবিধ:

ক্রমিক	বিষয়	বাস্তবায়ন অগ্রগতি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৫.১	ডিজিটাল নথি ব্যবস্থাপনা	<ul style="list-style-type: none"> <li>মন্ত্রণালয়ের প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পণ সংক্রান্ত আদেশ অনুযায়ী নথি কোন পর্যায়ে নিস্পত্তিযোগ্য তার নির্দেশনা যথাযথভাবে উল্লেখপূর্বক ই-ফাইলিং এ নথি উপস্থাপন করা হবে তা উল্লেখ থাকা প্রয়োজন।</li> <li>বাংলাদেশ শিশু একাডেমিতে শীঘ্রই ডিজিটাল নথি ব্যবস্থাপনার কার্যক্রম বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে আলোচনা হয়।</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>ই-ফাইলিং এ নথি উত্থাপনের সময় বিষয়টি কোন পর্যায়ে অনুমোদন/নিস্পত্তি হবে তা উল্লেখপূর্বক নথি উপস্থাপন করতে হবে।</li> <li>বাংলাদেশ শিশু একাডেমিতে দ্রুত ডিজিটাল নথি ব্যবস্থাপনার কার্যক্রম চালু করতে হবে।</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>মন্ত্রণালয়ের সকল শাখা ও অধীনস্থ দপ্তর/সংস্থা।</li> <li>নির্বাহী পরিচালক, জামস।</li> <li>যুগ্মসচিব(প্রশিক্ষণ), মশিবিম।</li> <li>পরিচালক, বাশিএ।</li> <li>প্রোগ্রামার, মশিবিম।</li> </ul>
৫.২	মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন পুনরায় সংশোধন করা হচ্ছে।	সংশোধন হওয়ার পর মুদ্রিত বার্ষিক প্রতিবেদন ওয়েব-সাইটে প্রকাশ করতে হবে এবং মন্ত্রণালয় ও সম্পৃক্ত দপ্তর/সংস্থায় প্রেরণ করতে হবে।	<ul style="list-style-type: none"> <li>অতিঃসচিব (প্রশাঃ), মশিবিম।</li> <li>প্রকল্প পরিচালক, নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রকল্প</li> <li>উপসচিব(শিশু), মশিবিম।</li> <li>সিঃসহঃপ্রধান (প্লাউ), মশিবিম।</li> </ul>
৫.৩	মন্ত্রণালয়ের অনুবিভাগসমূহের কাজের দীর্ঘ, মধ্যম ও স্বল্প মেয়াদী কর্মপরিকল্পনা প্রণয়ন	<ul style="list-style-type: none"> <li>মন্ত্রণালয়ের অনুবিভাগসমূহের কাজের কর্মপরিকল্পনা প্রণয়ন বিষয়ে ওয়ার্কশপ আয়োজনের ব্যবস্থা নেয়ার বিষয়ে আলোচনা হয়।</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>অনুবিভাগসমূহের কাজের কর্মপরিকল্পনা তৈরির জন্য দ্রুত কর্মকর্তা/ কর্মচারীদের এক দিনের ওয়ার্কশপ এর আয়োজন করতে হবে।</li> <li>অনুবিভাগ প্রধানগণকে নিজ নিজ অনুবিভাগের কার্যক্রমের অগ্রগতি বিষয়ে সভা করতে হবে এবং এর কার্যবিবরণী লিপিবদ্ধ করতে হবে।</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>অতিঃ সচিব (প্রশাঃ), মশিবিম।</li> <li>যুগ্মসচিব (প্রশিক্ষণ), মশিবিম।</li> <li>সকল অনুবিভাগ প্রধানগণ।</li> </ul>
৫.৪	জাতীয় মহিলা ও শিশু উন্নয়ন পরিষদ (NCWCD) সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	<ul style="list-style-type: none"> <li>মেয়েদের খেলাধুলার বিষয়ে “নারীর শারীরিক ও মানসিক বিকাশ সাধনে খেলাধুলার সুযোগ সৃষ্টি” শীর্ষক কর্মসূচি প্রণয়ন করা হয়েছে।</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>অর্থ বিভাগে বিষয়টি নিবিড়ভাবে অনুসরণ করতে হবে।</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>নির্বাহী পরিচালক, জামস।</li> <li>যুগ্ম-সচিব (সেল) মশিবিম।</li> </ul>

ক্রমিক	বিষয়	বাস্তবায়ন অগ্রগতি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	অগ্রগতি	<p>কর্মসূচিটি মন্ত্রণালয়ের বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় অনুমোদিত হয়েছে এবং অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে অর্থ বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে।</p> <ul style="list-style-type: none"> <li>বাংলাদেশ শিশু একাডেমি ৬-১২ বছর পর্যন্ত শিশুদের সাংস্কৃতিক কর্মকান্ডের সাথে সম্পৃক্ত হওয়ায় ১২+ হতে ১৮ বছর বয়সের শিশুদের জন্য এবং শিশু একাডেমির ভবন নেই এমন জেলার শিল্পকলা একাডেমির ভবনগুলোতে শিশুদের সাংস্কৃতিক কর্মকান্ড সম্পাদনের সুযোগ দানের জন্য সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়কে অনুরোধের প্রেক্ষিতে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় গত ২/৩/২০১৭ তারিখে পত্রের মাধ্যমে জানিয়েছে যে, যেসব জেলায় শিশু একাডেমি নেই ঐসকল জেলার শিশু সংগঠনসহ জেলা শিশু একাডেমির শিশুরা শিল্পকলা একাডেমির ভবন খালি থাকা সাপেক্ষে সাংস্কৃতিক কর্মকান্ড সম্পাদনের সুযোগ পাবে।</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পত্রের আলোকে বাংলাদেশ শিশু একাডেমি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।</li> </ul>	
৫.৫	জাতীয় নারী উন্নয়ন নীতি, ২০১১ বাস্তবায়নকল্পে জাতীয় কর্মপরিকল্পনা	এসডিজি, ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা এর আলোকে জাতীয় নারী উন্নয়ন নীতি, ২০১১ পুনঃনির্ধারণের জন্য স্টেকহোল্ডারদের নিয়ে একটি কর্মশালা আয়োজন করার বিষয়ে আলোচনা হয়।	<ul style="list-style-type: none"> <li>জাতীয় নারী উন্নয়ন নীতি, ২০১১ বাস্তবায়নকল্পে গৃহীত জাতীয় কর্মপরিকল্পনা হালনাগাদকরণের লক্ষ্যে অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিঃ)-কে আহ্বায়ক করে প্রকল্প পরিচালক, নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টি-সেক্টরাল প্রকল্প, উপ-সচিব (শিশু), সিনিয়র সহকারী সচিব (শিশু), সিনিয়র সহকারী প্রধান(প্লাউ), মহিলা বিষয়ক অধিদপ্তর ও জাতীয় মহিলা সংস্থার</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>মহাপরিচালক, মবিঅ।</li> <li>নির্বাহী পরিচালক, জামস।</li> <li>প্রকল্প পরিচালক, নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রকল্প।</li> <li>উপসচিব(শিশু), মশিবিম।</li> <li>সিনিয়র সহ: সচিব (শিশু), মশিবিম।</li> <li>সিনিয়র সহ: প্রধান (প্লাউ), মশিবিম।</li> </ul>

ক্রমিক	বিষয়	বাস্তবায়ন অগ্রগতি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
			<p>একজন প্রতিনিধি সমন্বয়ে কমিটি গঠন করতে হবে।</p> <ul style="list-style-type: none"> <li>কমিটিকে IOPA, এসডিজি, ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা, প্রেক্ষিত পরিকল্পনা, নির্বাচনী মেনিফেস্টো, মন্ত্রণালয়ের এপিএ পর্যালোচনাক্রমে এই কর্মপরিকল্পনা চূড়ান্ত করতে হবে।</li> </ul>	
৫.৬	নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে জাতীয় কর্মপরিকল্পনা	নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে জাতীয় কর্মপরিকল্পনার রিভিউ এর কার্যক্রম চলমান রয়েছে।	নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে জাতীয় কর্মপরিকল্পনার রিভিউ এর কার্যক্রম দ্রুত শেষ করতে হবে।	<ul style="list-style-type: none"> <li>যুগ্ম-সচিব (সেল), মশিবিম।</li> <li>প্রকল্প পরিচালক, নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রকল্প।</li> </ul>
৫.৭	ইনোভেশন	মহিলা বিষয়ক অধিদপ্তরের মাঠ পর্যায়ে কর্মকর্তা কর্তৃক উদ্ভাবিত ইনোভেটিভ আইডিয়া সমগ্র বাংলাদেশে বাস্তবায়নের জন্য জেলা কর্মকর্তাদের নিয়ে আগামী এপ্রিল ২০১৭ মাসে ওয়ার্কশপ আয়োজনের প্রস্তুতি নেয়া হয়েছে।	মন্ত্রণালয়ের কর্মকর্তারা সেবা সহজীকরণ বিষয়ে উদ্ভাবনী প্রস্তাব সভায় উপস্থাপন করবেন।	<ul style="list-style-type: none"> <li>অতিঃসচিব (উন্নয়ন ও পরিঃ), মশিবিম।</li> <li>মহাপরিচালক, মবিঅ</li> <li>নির্বাহী পরিচালক, জামস।</li> <li>পরিচালক, বাশিএ</li> <li>সিঃ সহঃ প্রধান (পরি-১), মশিবিম।</li> </ul>
৫.৮	APA, NIS, GRS	মহিলা বিষয়ক অধিদপ্তরের ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কার্যসম্পাদন চুক্তি (APA) এর খসড়া তৈরির কাজ ইতোমধ্যে ৮০% সম্পন্ন হয়েছে এবং জাতীয় মহিলা সংস্থা APA এর খসড়া প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করেছে।	<ul style="list-style-type: none"> <li>Rules of Business -1996, SDG এবং বাজেটের সাথে সামঞ্জস্য রেখে জরুরিভাবে মন্ত্রণালয়, দপ্তর/সংস্থা/ একাডেমিকে এপিএ চূড়ান্ত করতে হবে।</li> <li>মন্ত্রণালয়ের APA, চূড়ান্তকরণের ক্ষেত্রে সব অনুবিভাগকে সম্পৃক্ত করতে হবে।</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>অতিঃ সচিব (প্রশাসন) মশিবিম।</li> <li>মহাপরিচালক, মবিঅ।</li> <li>নির্বাহী পরিচালক, জামস।</li> <li>উপসচিব(মবিঅ-২), মশিবিম।</li> <li>পরিচালক, বাশিএ।</li> <li>সহঃসচিব(প্রশাঃ-২), মশিবিম।</li> </ul>
৫.৯	অডিট	সভায় সভাপতি উল্লেখ করেন যে, অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির অগ্রগতি সন্তোষজনক। তবে ইইসিআর প্রকল্পে এখনও ১৯টি অডিট আপত্তি অনিষ্পন্ন আছে।	<ul style="list-style-type: none"> <li>দ্বি-পক্ষীয় সভার মাধ্যমে অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে।</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>উপ-সচিব (বাজেট ও অডিট), মশিবিম।</li> </ul>

ক্রমিক	বিষয়	বাস্তবায়ন অগ্রগতি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
			<ul style="list-style-type: none"> <li>অডিট আপত্তি নিষ্পত্তিকরণে পেনশন সহজীকরণ বিধিমালা অনুসরণ করতে হবে।</li> </ul>	
৫.১০	জেলা কার্যক্রম পরিদর্শন	এ বিষয়টি সকল কর্মকর্তাগণকে ০৬ অক্টোবর ২০১৬ তারিখের পত্রের মাধ্যমে জানানো হয়েছে। অদ্যাবধি কোন প্রতিবেদন পাওয়া যায়নি।	জেলা পরিদর্শন কর্মসূচি জোরদার করতে হবে এবং প্রতিবেদন অতিরিক্ত সচিব (প্রশাসন) বরাবর দাখিল করতে হবে।	<ul style="list-style-type: none"> <li>অতিঃসচিব (প্রশাসন), মশিবিম।</li> <li>যুগ্ম-সচিব(প্রশাসন) মশিবিম।</li> </ul>
৫.১১	শিশু বিকাশ কেন্দ্র আজিমপুর	শিশু বিকাশ কেন্দ্র, আজিমপুরের জন্য বাড়ি ভাড়া বরাদ্দের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।	শিশু বিকাশ কেন্দ্র, আজিমপুরের জন্য বাড়ি ভাড়ার বিষয়ে জরুরী ব্যবস্থা নিতে হবে।	<ul style="list-style-type: none"> <li>পরিচালক, বাশিএ।</li> </ul>
৫.১২	জয়িতা ফাউন্ডেশন এর আওতায় নারী উদ্যোক্তাদেরকে প্রশিক্ষণ প্রদান	১৯/০১/২০১৭ তারিখ মহিলা বিষয়ক অধিদপ্তরের সাথে জয়িতা ফাউন্ডেশন এর MOU স্বাক্ষরিত হয়েছে।	দ্রুত নারী উদ্যোক্তাদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	<ul style="list-style-type: none"> <li>মহাপরিচালক, মবিঅ।</li> <li>ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন।</li> </ul>
৫.১৩	শূণ্য পদ পূরণ ও পদ সৃজন	সভায় বলা হয় যে, আইসিটি ও আইন শাখার জন্য মোট ১১টি পদ সৃজনের জিও অর্থ মন্ত্রণালয়ের পৃষ্ঠাংকনের অপেক্ষায় আছে। এছাড়াও শিশু উইং গঠন, সচিব মহোদয়ের দপ্তর এবং হিসাব শাখার সহায়ক পদসহ মোট ২৫টি পদ সৃজনের সম্মতি প্রদানের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হলে চাহিত তথ্যাদিসহ স্বয়ংসম্পূর্ণ সারসংক্ষেপসহ উপস্থাপনের নির্দেশনা পাওয়া যায়। শীঘ্রই নথিতে উপস্থাপন করা হবে।	বিষয়টি অনুসরণ করতে হবে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিত তথ্যাদিসহ সারসংক্ষেপ প্রেরণের জন্য দ্রুত ব্যবস্থা নিতে হবে।	<ul style="list-style-type: none"> <li>অতিরিক্ত সচিব (প্রশাসন), মশিবিম।</li> <li>যুগ্ম-সচিব(প্রশাসন), মশিবিম।</li> <li>সহঃ সচিব (প্রঃ-১), মশিবিম।</li> </ul>
৫.১৪	মন্ত্রণালয়ের গাড়ির সংখ্যা বৃদ্ধি	অর্থ বিভাগ হতে কিছু তথ্যাদি চাওয়া হয়েছে। চাহিত তথ্যাদি প্রেরণের বিষয়টি এ মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন রয়েছে।	যাচিত তথ্য দ্রুত প্রেরণ নিশ্চিত করতে হবে।	<ul style="list-style-type: none"> <li>অতিরিক্ত সচিব (প্রশাসন), মশিবিম।</li> <li>যুগ্ম-সচিব(প্রশাসন), মশিবিম।</li> <li>সহকারী সচিব (প্রশাঃ-২), মশিবিম।</li> </ul>
৫.১৫	মন্ত্রণালয়ের স্থান সংকট	গত ৬/৯/২০১৬ তারিখে সচিব গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে আধা-সরকারি পত্র প্রেরণ করা হয়েছে।	মন্ত্রণালয়ের স্থান সংকটের বিষয়টি সমাধানের লক্ষ্যে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	<ul style="list-style-type: none"> <li>অতিরিক্ত সচিব (প্রশাসন), মশিবিম।</li> <li>যুগ্ম-সচিব(প্রশাসন), মশিবিম।</li> </ul>
৫.১৬	জাতীয় দক্ষতা উন্নয়ন কাউন্সিল (NSDC)	জাতীয় দক্ষতা উন্নয়ন কাউন্সিল (NSDC) কার্যক্রম পর্যালোচনা এর	আগামী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে মহিলা	<ul style="list-style-type: none"> <li>যুগ্মসচিব(প্রশিক্ষণ), মশিবিম।</li> </ul>

ক্রমিক	বিষয়	বাস্তবায়ন অগ্রগতি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		৪র্থ সভার কার্যবিবরণীর ৯.২ নং সিদ্ধান্ত অনুযায়ী NSDC কর্মপরিকল্পনা (দ্বিতীয় পর্যায়) প্রণয়নের ক্ষেত্রে স্বল্প মেয়াদী ও দীর্ঘ মেয়াদী কর্মপরিকল্পনা বিস্তারিত আকারে প্রণয়নপূর্বক প্রেরণের জন্য মহিলা বিষয়ক অধিদপ্তর এবং জাতীয় মহিলা সংস্থায় পত্র দেয়া হয়েছে এবং জবাব না পাওয়ায় পরবর্তীতে তাগিদ পত্র দেওয়া হয়েছে।	বিষয়ক অধিদপ্তর ও জাতীয় মহিলা সংস্থা জবাব প্রেরণ করবে।	
৫.১৭	গণ শুনানী	মাঠ পর্যায় থেকে গণশুনানী বিষয়ে প্রাপ্ত চিঠিপত্র থেকে বুঝা যায় যে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের গণশুনানী বিষয়ে স্বচ্ছ ধারণা নেই। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত পরিপত্র ও ছক রয়েছে। সে অনুযায়ী মাঠ পর্যায়ের অফিসগুলোকে ব্যবস্থা নিতে হবে। তবে মন্ত্রণালয় থেকে নির্দেশনা দেয়া যেতে পারে।	<ul style="list-style-type: none"> <li>মাঠ পর্যায়ে কর্মকর্তাদের গণশুনানী বিষয়ে স্বচ্ছ ধারণা প্রদানের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত ও 'ছক'-এর আলোকে মন্ত্রণালয় থেকে নির্দেশনা জারী করতে হবে।</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>অতিরিক্ত সচিব (প্রশাসন), মশিবিম।</li> <li>সহঃ সচিব (প্রঃ-৩), মশিবিম।</li> </ul>
৫.১৮	বিবিধ		<ul style="list-style-type: none"> <li>প্রকল্প পরিচালক, নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রকল্প বাল্য বিবাহ সংক্রান্ত সকল বিষয়ে ফোকাল পয়েন্ট এর দায়িত্ব পালন করবেন এবং মন্ত্রণালয়ের সেল শাখা সাচিবিক দায়িত্ব পালন করবে।</li> <li>এ মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত নারী বিষয়ক ও শিশু বিষয়ক বুকলেটগুলি সাধারণ কাগজে প্রিন্ট করে সকলের মাঝে বিতরণ করতে হবে।</li> <li>০-১০০০ দিন বয়সের শিশুদের পুষ্টি বিষয়ে বাংলাদেশ শিশু একাডেমি একটি প্রকল্প গ্রহণ করবে।</li> <li>যে কোন সভার নোটিশ ও কার্যবিবরণী ওয়েব-</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>যুগ্মসচিব (সেল), মশিবিম।</li> <li>প্রকল্প পরিচালক, নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রকল্প</li> <li>অতি: সচিব (প্রঃ), মশিবিম।</li> <li>যুগ্মসচিব (প্রশাসন), মশিবিম।</li> <li>সহ: সচিব (প্রঃ-২), মশিবিম।</li> <li>অতি: সচিব (শিশু), মশিবিম।</li> <li>পরিচালক, বাশিএ।</li> <li>সকল অনুবিভাগ।</li> </ul>

ক্রমিক	বিষয়	বাস্তবায়ন অগ্রগতি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
			সাইটে প্রকাশ করতে হবে। ● সভা অনুষ্ঠানের পর পর সভার কার্যবিবরণী প্রস্তুত করে অনুমোদন নিতে হবে।	● সকল অনুবিভাগ।

০৬। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

তাং-১৫/০৩/২০১৭ খ্রিঃ।  
(নাছিমা বেগম, এনডিসি)  
সচিব

নং- ৩২.০০.০০০০.০৪২.০২.০১৩.১৭-

তারিখঃ ১৫/০৩/২০১৭ খ্রিঃ।

**বিতরণ : কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

- ১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ২। নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন, মহিলা বিষয়ক অধিদপ্তর, রাপা প্লাজা (৫ম তলা), ধানমন্ডি, ঢাকা।
- ৪। পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী, ঢাকা।
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
- ৬। প্রকল্প পরিচালক, নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টোরাল প্রজেক্ট।

কোহিনুর নাহার  
১৫/০৩/২০১৭  
(কোহিনুর নাহার)  
সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪০২৪১

**অনুলিপিঃ**

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ২। উপ-সচিব(শিশু/শিপ্রায়স/উন্নয়ন-২/বাঃ ও অঃ/মবিঅ-২)/উপ-প্রধান, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। জনসংযোগ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।(ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধ করা হল)।
- ৬। অতিরিক্ত সচিব (প্রশাসন/ উন্নয়ন ও পরিকল্পনা/শিশু) এর ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। যুগ্ম-সচিব (প্রশাসন/প্রশিক্ষণ/সেল/মবিঅ/উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।